# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২১২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৬৩]

১২। জানাযাহ সম্পর্কিত (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৬. জানাযার সালাতে মাইয়্যিতের জন্য দুআ করা

باب الدُّعَاءِ لِلْمَيِّتِ فِي الصَّلاَةِ

আরবী

وَحَدَّثَنِي هَارُونُ بْنُ سَعِيدٍ الأَيْلِيُّ، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي مُعَاوِيَةُ بْنُ صَالِحٍ، عَنْ حَبِيبِ بْنِ عُبَيْدٍ، عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ، سَمِعَهُ يَقُولُ سَمِعْتُ عَوْفَ بْنَ مَالِكٍ، يَقُولُ صَلَّى رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى جَنَازَةٍ فَحَفِظْتُ مِنْ دُعَائِهِ وَهُوَ يَقُولُ " اللَّهُمَّ اغْفِرْ لَهُ وَارْحَمْهُ وَعَافِهِ وَاعْفُ عَنْهُ وَأَكْرِمْ نُزُلَهُ وَوَسِّعْ مُدْخَلَهُ وَاغْسِلْهُ بِالْمَاءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ وَنَقِّهِ مِنَ الْخَطَايَا كَمَا نَقَّيْتَ الثَّوْبَ الأَبْيَضَ مِنَ الدَّنَسِ وَأَبْدِلْهُ دَارًا خَيْرًا مِنْ دَارِهِ وَأَهْلاً خَيْرًا مِنْ أَهْلِهِ وَزَوْجًا خَيْرًا مِنْ زَوْجِهِ وَأَدْخِلْهُ الْجَنَّةَ وَأَعِذْهُ مِنْ عَذَابِ الْقَبْرِ أَوْ مِنْ عَذَابِ النَّارِ " . قَالَ حَتَّى تَمَنَّيْتُ أَنْ أَكُونَ أَنَا ذَلِكَ الْمَيِّتَ

বাংলা

২১২১-(৮৫/৯৬৩) হারূন ইবনু সাঈদ আল আয়লী (রহঃ) ..... জুবায়র ইবনু নুফায়র (রহঃ) থেকে বর্ণিত। (তিনি বলেন) আমি আওফ ইবনু মালিক (রাযিঃ) কে বলতে শুনেছিঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক জানাযায় যে দুআ পড়লেন, আমি তার সে দু'আ মনে রেখেছি। দু'আয় তিনি এ কথাগুলো বলেছিলেন,

"আল্ল-হুম্মাগফির লাহু ওয়ারহাম্‌হু ওয়া আ-ফিহী ওয়াফু আনহু ওয়া আকরিম নুযুলাহ্‌ ওয়া ওয়াসসি' মুদখালাহু ওয়াগসিলহু বিলমা-য়ি ওয়াস্‌সালজি ওয়াল বারাদি ওয়ানাক্কীহী মিনাল খাত্বা-ইয়া- কামা- নাক্কায়তাস সাওবাল আবইয়াযা মিনাদদানাসি ওয়া আবদিলহু দা-রান খায়রাম মিন দা-রহী ওয়া আহলান খায়রাম মিন আহলিহী ওয়া য়াওজান খায়রাম মিন যাওজিহী ওয়া আদখিলহুল জান্নাতা ওয়া আইয্‌হ মিন আযা-বিল কবরি আও মিন আযা-বিন্না-র"

(অর্থাৎ- হে আল্লাহ! তাকে ক্ষমা করে দাও ও তার প্রতি দয়া কর। তাকে নিরাপদে রাখো ও তার ক্রটি মার্জনা কর। তাকে উত্তম সামগ্রী দান কর ও তার প্রবেশ পথকে প্রশস্ত করে দাও। তাকে পানি, বরফ ও বৃষ্টি দ্বারা মুছে দাও এবং পাপ থেকে এরূপভাবে পরিষ্কার-পরিচ্ছন্ন করে দাও যেরূপ সাদা কাপড় ময়লা থেকে পরিষ্কার হয়ে

যায়। তাকে তার ঘরকে উত্তম ঘরে পরিণত কর, তার পরিবার থেকে উত্তম পরিবার দান কর, তার স্ত্রীর তুলনায় উত্তম স্ত্রী দান কর। তাকে জান্নাতে প্রবেশ করাও এবং কবরের আযাব ও জাহান্নামের আযাব থেকে বাঁচাও।)।

বর্ণনাকারী আওফ ইবনু মালিক বলেন, তার মূল্যবান দু’আ শুনে আমার মনে আকাঙ্খা জাগল, আমি যদি সে মৃত ব্যক্তি হতাম। (ইসলামী ফাউন্ডেশন ২১০০, ইসলামীক সেন্টার ২১০৪)

## English

Jubair b. Nufair says:

I heard it from 'Auf b. Malik that the Prophet (ﷺ) said prayer on the dead body, and I remembered his prayer:" O Allah! forgive him, have mercy upon him, give him peace and absolve him. Receive him with honour and make his grave spacious; wash him with water, snow and hail. Cleanse him from faults as Thou wouldst cleanse a white garment from impurity. Requite him with an abode more excellent than his abode, with a family better than his family, and with a mate better than his mate. Admit him to the Garden, and protect him from the torment of the grave and the torment of the Fire." ('Auf bin Malik) said: I earnestly desired that I were this dead body.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জুবায়র ইবন নুফায়র (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48881

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন